


## কৃষি ঋণ



### ১) কি করণীয়

- ক) গ্রামীণ মহাজনদের হাত থেকে কৃষক নিজেদের বাঁচানোর জন্য ব্যাঙ্ক থেকে ঋণের সুযোগ নিতে পারেন।
- খ) এই কৃষি ঋণ, বাণিজ্যিক ব্যাঙ্ক, আঞ্চলিক ব্যাঙ্ক, সমবায় প্রতিষ্ঠান থেকে পেতে পারেন।
- গ) সময়মত ব্যাঙ্কের ঋণ পরিশোধের দিকে নজর রাখবেন।
- ঘ) ঋণের সঠিক তথ্য নিজের কাছে রাখুন।
- ঙ) ঋণের টাকা সঠিক কাজে লাগান।
- চ) প্রাকৃতিক দুর্যোগ, রোগপোকা প্রভৃতির জন্য ফসলের অর্থনৈতিক ক্ষতি থেকে নিজেকে রক্ষা করুন।
- ছ) শস্য বীমার সঠিক সুযোগ নিন।
- জ) কৃষিঋণের সঙ্গে শস্য বীমা অবশ্যই করিয়ে নিন।

### ২) কি সুযোগ পেতে পারেন —

ক্রমিক নং	অনুদানের বিবরণ	অনুদান পরিমাণ
১)	সুদের সহায়তা	বার্ষিক ৭% হারে সুদে সর্বোচ্চ ৩ লাখ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে সময়মত পরিশোধ করলে ৩% সুদ মুকুব।
২)	ঋণের সুরক্ষা	১ লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে কোন ধরনের সুরক্ষার প্রয়োজন নেই।
৩)	কিষাণ ক্রেডিট কার্ড	শস্যের ও জমির উপর নির্ভর করে ঋণের মাত্রা নির্ধারণ হয়। কার্ডের মেয়াদ ৩-৫ বছর। সাথে দুর্ঘটনাজনিত মৃত্যুর ক্ষেত্রে ৫০০ টাকা বীমার সুবিধা আছে।
৪)	কৃষিতে লগ্নিজনিত ঋণ	কৃষি যন্ত্রপাতি, সেচ, জমির উন্নয়ন ইত্যাদির জন্য ঋণের সুবিধা আছে।

### ৩। কোথায় পাবেন —

- ১) গ্রাম সেবক কেন্দ্র, আঞ্চলিক কৃষি আধিকারিক অফিস, মহকুমা কৃষি আধিকারিক অফিস এবং জেলা কৃষি আধিকারিক অফিস।
- ২) Website কৃষি বিভাগ Web link - [agritripura.govt.in](http://agritripura.govt.in)
- ৩) কিষাণ কল সেন্টার (বিনামূল্যে) ১৫৫১
- ৪) নিকটবর্তী বাণিজ্যিক ব্যাঙ্ক / আঞ্চলিক ব্যাঙ্ক / কো-অপারেটিভ ব্যাঙ্ক।